দৈনিক সংবাদ

তারিখ ..04 JAN 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

৮

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের রাজনীতিতে অংশ নেয়ার সুযোগদানের দাবী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩১ জন শিক্ষক এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মরত অবস্থাতেই রাজনীতিতে অংশ নেয়া এবং সংসদ নির্বাচনে প্রার্থী হওয়াসহ রাষ্ট্রীয় সকল

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের

(১ম পাতার পর)

কার্যক্রমে অংশগ্রহণের ব্যবস্থা করার জন্য অস্থায়ী রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে '৭৩ সালের বিশ্ববিদ্যালয় আদেশে শিক্ষকদের রাজনীতি করার যে অধিকার দেয়া হয়েছে তা অধ্যাদেশের মাধ্যমে সম্প্রসারিত করার দাবী জানানো হয়।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন সিরাজুল ইসলাম চৌধুরী, তৌহিদুল আনোয়ার, নরেন বিশ্বাস, শাহেদ হাসান, খন্দকার নাদিরা পারভীন, মনসুর মুসা, শামসুল ইসলাম খান, মুহম্মদ শাহজাহান মিয়া প্রমুখ।